সংবাদ

তারিখ ·12· APR· 2016 ···
পৃষ্ঠা ···৬··· কলাম···৭···

# অষ্টগ্রামে ৯ প্রধান শিক্ষকসহ ৭৪ শিক্ষকের পদ শূন্য

## ক্লাস নিচ্ছেন নৈশপ্রহরী

**প্রতিনিধি, অষ্টগ্রাম (কিশোরগঞ্জ)**

কিশোরগঞ্জের হাওড় উপজেলা অষ্টগ্রামের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৯ জন প্রধান শিক্ষকসহ ৭৪ জন শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য। ফলে সর্বজনীন প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে মারাত্মক সংকট দেখা দিয়েছে। কোন কোন বিদ্যালয়ে নৈশপ্রহরীদেরকেও পাঠদান করতে দেখা গেছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, বর্তমান সরকার রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়গুলো জাতীয়করণ করার পর এ উপজেলায় ৮০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ভাতশালা ও লাউড়া প্রাথমিক বিদ্যালয়কে জুনিয়র উচ্চ বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। কিন্তু এ দু'টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। এছাড়াও দীর্ঘদিন ধরে বাজুকা, আদমপুর, উলুকান্দা, চৌদন্ত, বালিগাঁও, কাদিরপুর ও নূরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়েও প্রধান শিক্ষকের পদ শূন্য। বিভিন্ন বিদ্যালয়ে ৬৫ জন সহকারী শিক্ষকের পদেও কোন লোক না থাকায় এক ধরনের অচলাবস্থা সৃষ্টি হয়েছে। বিভিন্ন বিদ্যালয়ে নৈশপ্রহরীকেও পাঠদান করতে দেখা গেছে। উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রায় ৩০ হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে। এসব শিক্ষার্থীদের পাঠদান ও বিদ্যালয়ের প্রশাসন পরিচালনায় ৭৫০ জন শিক্ষক থাকার কথা। কিন্তু সারা উপজেলায় অনুমোদিত শিক্ষকের পদের সংখ্যা রয়েছে মাত্র ৪৫০টি।